দৈনিক ইনকিলাব

তারিখ ...19 MAR 1986 ... ...
পৃষ্ঠা ... কলাম ... ...

# ময়মনসিংহ কৃষি ভার্সিটি
## শিক্ষার সুষ্ঠু পরিবেশের ক্রমাবনতিতে শিক্ষকদের গভীর উদ্বেগ প্রকাশ

কৃষি বিশ্ববিদ্যালয় রিপোর্টার (১৮ মার্চ) ঃ জাতীয়তাবাদী ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী শিক্ষকদের সমন্বয়ে গঠিত 'সোনালী দল' কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার তথা একাডেমিক পরিবেশের ক্রমাবনতিতে গভীর উদ্বেগ প্রকাশ করে বিভিন্ন সমস্যা নিয়ে ভিসির সাথে মতবিনিময় করেছেন। সোনালী দলের সভাপতি প্রফেসর ডঃ খন্দকার সিরাজুল ইসলাম ও সাধারণ সম্পাদক প্রফেসর মোঃ বোরহান উদ্দিনের নেতৃত্বে কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ভিসি প্রফেসর ডঃ মুহাম্মদ

১৫-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ময়মনসিংহ কৃষি ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

হোসেনের সাথে সাক্ষাৎ করে বিভিন্ন বিষয়ে তাঁদের উদ্বেগ ও সমস্যার কথা তুলে ধরেন। ভিসি তাদের উত্থাপিত অভিযোগের সাথে একমত হন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। সোনালী দলের পক্ষ থেকে গুরুত্বপূর্ণ দাবীসমূহ আগামী এক মাসের মধ্যে পূরণের জন্য আহবান জানানো হয়। দাবীসমূহ হচ্ছে প্রফেসর ডঃ মাহবুব মোস্তফার বাসায় একদল ছাত্রের ইট-পাটকেল নিক্ষেপ ও ককটেল বিস্ফোরণ, পরীক্ষায় পাস করানোর দাবীতে প্রফেসর ডঃ মোঃ শাহজাহান আলীকে হত্যার হুমকিসহ কতিপয় ছাত্রের অসদাচরণ, ছাত্র কর্তৃক একজন নেতৃস্থানীয় ছাত্রীকে লাঞ্ছিত করা, ফেল করা ছাত্রদের দ্বারা বিভাগ ও শিক্ষকদের কক্ষে তালা লাগান, প্রশাসন কর্তৃক গঠিত বিশেষ কমিটির মাধ্যমে নম্বর বাড়িয়ে দিয়ে ফেল করা ছাত্র-ছাত্রীকে পাস করিয়ে দেয়ার মত গুরুতর একাডেমিক ক্রাইমের বিচার দাবী।

করা হয়। তারা খুনের মামলায় ষড়যন্ত্রমূলকভাবে শিক্ষকবৃন্দকে জড়ানোর জন্য সংশ্লিষ্ট অভিযোগকারীর বিরুদ্ধে মানহানির মামলা দায়েরেরও দাবী জানান। এছাড়া চাকরির বয়সসীমা ৬৫ বৎসরে নির্ধারণ এবং বর্তমান পদ্ধতিকে সহজতর করে এককালীন ৫ বছর (২+২+১) মেয়াদকাল বৃদ্ধির ব্যবস্থা নিশ্চিতকরণ এবং ৬০ বৎসরে ইচ্ছাধীন অপশন প্রথার ব্যবস্থা রাখা, আনুমানিক ৮০/৮৫ জন প্রফেসর যারা পূর্বতন বেতন স্কেল ৯,৫০০ টাকায় আটকে আছেন তাদের বেতন স্কেল ১০ হাজার টাকায় নির্ধারণের দাবী করা হয়। সোনালী দল নেতৃবৃন্দ বিভিন্ন বিভাগে শিক্ষক নিয়োগের বর্তমান সিলেকশন কমিটিসমূহে বিষয়ভিত্তিক দক্ষ, বিশেষজ্ঞ বা প্রবীণ, অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকদের পরিবর্তে দলীয়ভিত্তিক নবীন শিক্ষক মনোনয়নে অনিয়মের অভিযোগ করেন। তারা সিন্ডিকেট অনুমোদিত ডেপুটেশন পদ্ধতি চালু, নবীন শিক্ষকদের জন্য জরুরী ভিত্তিতে বাসা বরাদ্দ, শিক্ষকদের পদোন্নয়ন ও লেকচারার নিয়োগের অনুমোদন, সপ্তাহে অন্ততঃপক্ষে একদিন ঢাকা যাতায়াতের জন্য গাড়ী বরাদ্দ ও উচ্চ শিক্ষার্থে স্কলারশীপ সংগ্রহের জন্য দ্বিপাক্ষিক চুক্তি এবং দেশের অভ্যন্তরে উচ্চ শিক্ষার ব্যবস্থা গ্রহণের দাবী জানান। তারা ছাত্র সন্ত্রাসের কারণে ক্ষতিগ্রস্ত তিন শিক্ষকের জন্য ক্ষতিপূরণ প্রদানের দাবী জানান। ছাত্রদের বিভিন্ন পর্যায়ে চাঁদাবাজি, বিশ্ববিদ্যালয়ে যানবাহনের যথেচ্ছ ব্যবহার, অতিথি ভবনে অননুমোদিত অবস্থান, কোন একটি সংগঠনের চাপে অর্ধশতাধিক ছাত্রদের হলে সিট থাকা সত্ত্বেও হলের বাইরে মানবেতর জীবনযাপনে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তারা আবাসিক এলাকার বাড়ীসমূহ সংস্কারেরও দাবী জানান।

সোনালী দলের নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অপর সংগঠন গণতান্ত্রিক শিক্ষক ফোরাম-এর সম্প্রতি প্রচারিত সিদ্ধান্তসমূহের প্রতি ভিসি'র দৃষ্টি আকর্ষণ করে শিক্ষার পরিবেশ উন্নয়নে সকল শিক্ষকদের একাত্মতার কথা অবহিত করেন। দেরীতে হলেও গণতান্ত্রিক শিক্ষক ফোরাম সোনালী দলের দীর্ঘদিন যাবত শিক্ষার পরিবেশ ক্ষুণ্ন হওয়ার বক্তব্যের সাথে একমত প্রকাশ করে পরোক্ষভাবে শিক্ষকদের একাত্মতার যে আহবান জানিয়েছেন তা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের কল্যাণ বয়ে আনার ইঙ্গিত বহন করে বলে তারা মনে করেন। উল্লেখ্য, অনুষ্ঠিত শিক্ষক সমিতি নির্বাচনে সোনালী দল নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে।